

আরাধনার বাইবেলীয় নীতিমালা

১. **প্রশংসামূলক আরাধনা**: ঈশ্বরের গৌরব, এবং আরাধনায় আমাদের আনন্দপূর্ণ উদযাপন, যা আমাদের সম্পূর্ণ জীবন এবং পরিচর্যার প্রধান লক্ষ্য ও দৃষ্টি হওয়া উচিত।

যেহেতু সকলই তাঁহা হইতে ও তাঁহার দ্বারা ও তাঁহার নিমিত্ত। যুগে যুগে তাঁহারই গৌরব হউক। আমেন।
(রোমীয় ১১:৩৬)

২. **ঈশকেন্দ্রিক আরাধনা**: ঈশ্বরের জন্য আরাধনা সর্বপ্রথমে এবং সর্বাপেক্ষে।

"ঈশ্বরেরই ভজনা করা"
(প্রকাশিত বাক্য ১৯:১০; ২২:৯)

৩. **সংলাপমূলক আরাধনা**: আরাধনা হল ঈশ্বর এবং তাঁর লোকদের মধ্যে সংলাপ, একটি প্রকাশ ও সাড়া দানের ছন্দ।

"যেমন তোমার নাম, হে ঈশ্বর, তেমনি তোমার প্রশংসা পৃথিবীর প্রান্ত পর্যন্ত।"
(গীতসংহিতা ৪৮:১০)

৪. **শাস্ত্র-ভিত্তিক আরাধনা**: শাস্ত্র আমাদের আরাধনার কেন্দ্র হওয়া উচিত।

আমি যতদিন না আইসি তুমি পাঠ করিতে এবং প্রবোধ ও শিক্ষা দিতে নিবিষ্ট থাক।
(১ তিমথীয় ৪:১৩)

৫. **অংশগ্রহণমূলক আরাধনা**: আরাধনা হল সমস্ত ঈশ্বরের লোকদের দায়িত্ববোধ।

এই জন্য আইস, আমরা সত্য হৃদয় সহকারে বিশ্বাসের কৃতনিশ্চয়তায় ঈশ্বরের নিকটে উপস্থিত হই;
(Hebrews 10:22)

৬. **খ্রীষ্ট-পরিচালিত আরাধনা**: আমাদের আরাধনা মহাযাজক খ্রীষ্টে ও তাঁর মধ্য দিয়ে গ্রহণযোগ্য।

"মন্ডলীর মধ্যে তোমার প্রশংসা গান করিবা।" (ইব্রীয় ২:১২)

৭. **আত্মায়-সক্রিয় আরাধনা**: আমাদের আরাধনার সাড়া দান, পবিত্র আত্মা দ্বারা সক্রিয়, অনুপ্রাণিত এবং ক্ষমতায়িত।

আমরাই ত ছিন্নভুক লোক, আমরা যাহারা ঈশ্বরের আত্মাতে আরাধনা করি, এবং খ্রীষ্ট যীশুতে শ্লাঘা করি,
মাংসে প্রত্যয় করি না।
(ফিলিপীয় ৩:৩)

৮. **সম্পূর্ণ-জীবনের আরাধনা**: আরাধনা হল ঈশ্বরের প্রতি আমাদের সম্পূর্ণ জীবনের সাড়া দান।

অতএব, হে ভ্রাতৃগণ, ঈশ্বরের নানা করুণার অনুরোধে আমি তোমাদিগকে বিনতি করিতেছি, তোমরা আপন আপন দেহকে
জীবিত, পবিত্র, ঈশ্বরের প্রীতিজনক বলিরূপে উৎসর্গ কর, ইহাই তোমাদের চিত্ত-সঙ্গত আরাধনা।
(রোমীয় ১২:১)

৯. **হৃদয়ের আরাধনা**: ঈশ্বর আমাদের আরাধনার ধরণের চেয়ে হৃদয়ের প্রতি অনেক বেশী আগ্রহী।

যেহেতু মনুষ্য প্রত্যক্ষ বিষয়ের প্রতি দৃষ্টিপাত করে, কিন্তু সদাপ্রভু অন্তঃকরণের প্রতি দৃষ্টিপাত করেন।
(১ম শমুয়েল ১৬:৭)

১০. **রূপান্তরিত আরাধনা**: আরাধনা দেহের ঐক্য ও রূপান্তরকে উৎসাহিত করবে।

অতএব যে যে বিষয় শাস্ত্রজনক, ও যে যে বিষয়ের দ্বারা পরস্পরকে গাঁথিয়া তুলিতে পারি,
আমরা সেই সকলের অনুধাবন করি।
(রোমীয় ১৪:১৯)

১১. **সর্ব-প্রজন্মের আরাধনা**: খ্রীষ্টের দেহে যুবক এবং বৃদ্ধের একে অন্যের প্রয়োজন রয়েছে।

যুবকগণ ও যুবতী সকল; বৃদ্ধগণ ও বালক-বালিকাসমূহ, সকলে সদাপ্রভুর নামের প্রশংসা করুক, কেননা কেবল তাঁহারই নাম
উন্নত। (গীত ১৪৮:১২-১৩, তীত ২:২-৮)

১২. শিক্ষণীয় আরাধনা : এই সমস্ত বিষয়গুলি অবশ্যই শিক্ষণীয় এবং পুনঃশিক্ষণীয়।

অতএব, হে ভ্রাতৃগণ, অবশেষে আমরা প্রভু যীশুতে তোমাদিগকে বিনয় করিতেছি, চেতনা দিয়া বলিতেছি, কিরাপে চলিয়া ঈশ্বরকে সন্তুষ্ট করিতে হয়, এই বিষয়ে আমাদের কাছে যে শিক্ষা গ্রহণ করিয়াছ, আর যে রূপ চলিতেছ, তদনুসারে অধিক উপচিয়া পড়।

(১ থিম ৪:১)

রন ম্যান
ওয়ারশীপ রিসোর্সেস ইন্টারন্যাশনাল
www.worship-resources.org